দৈনিক সংবাদ

JUN. 16 2000

# বাংলাদেশের আইটি শিক্ষা শীর্ষক গোলটেবিল আলোচনা অনুষ্ঠিত

বাজারে অনুপযোগিতা, সিলেবাস সমস্যা, ইংরেজিতে দুর্বলতা সর্বোপরি দায়িত্বশীল মহলের সঠিক সিদ্ধান্ত এবং নিয়ন্ত্রণের অভাবে বাংলাদেশে আইটি শিক্ষার ব্যাপক প্রসার সম্ভব হয়নি। যদিও বর্তমান সময়ে এর প্রয়োজনীয়তা একটি অনস্বীকার্য বিষয়।

সম্প্রতি নিউরাল-সিসটেক যৌথভাবে আয়োজিত 'বাংলাদেশের আইটি শিক্ষা' শীর্ষক এক গোলটেবিল আলোচনায় বক্তারা উপরোক্ত কথাগুলো বলেন। 'আইটি-কম'র উদ্যোগে অনুষ্ঠিত গোলটেবিল আলোচনায় অংশ নেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রভাষক মো. মোক্তার হোসেন, সাংবাদিক আবীর হাসান, আইটি বিষয়ক বাংলা বইয়ের লেখক মাহবুবুর রহমান, নিউরালের শিক্ষাবিদ সৈয়দ মাহমুদ জুবায়ের এবং কম্পিউটার ব্যবসায়ী আহমেদ হাসান জুয়েল।

প্রভাষক মোক্তার হোসেন এবং সৈয়দ মাহমুদ জুবায়ের সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার শিক্ষার কারিকুলাম, মান নিয়ন্ত্রণ ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়গুলো তুলে ধরেন এবং অসঙ্গতি দূর করা উচিত বলে মন্তব্য করেন। আইটি শিক্ষা বিস্তারের ক্ষেত্রে বাংলা প্রকাশনার ভূমিকা গুরুত্বপূর্ণ বলে মন্তব্য করেন প্রকাশক মাহবুবুর রহমান। সাংবাদিক আবীর হাসান এবং ব্যবসায়ী আহমেদ হাসান বাংলাদেশের আইটি শিক্ষার ব্যাপক প্রসার না হওয়ার কারণ হিসেবে চাকরির অনুপযোগী শিক্ষার কথা বলেন এবং এজন্য নীতি নির্ধারক মহলের সমালোচনা করেন।

বিভিন্ন সম্পূরক প্রশ্নের উত্তরে বক্তারা খোলামেলা আলোচনা করেন মুক্ত আলোচনা পর্বে। বিষয়ভিত্তিক আলোচনা পর্বটি পরিচালনা করেন আইটি-কম'র ব্যবস্থাপনা সম্পাদক বেলাল আহমেদ এবং নির্বাহী সম্পাদক আবদুল্লাহ আল আমিন। সংবাদ বিজ্ঞপ্তি।